ইত্তেফাক

তারিখ ... 28 JUN 1985 ...
পৃষ্ঠা ... ... ... ১ ... কলাম ... ৬ ... ...



গতকাল (বৃহস্পতিবার) সারা দেশে এইচ, এস, সি পরীক্ষা শুরু হইয়াছে। প্রথম দিনে তিতুমীর কলেজ কেন্দ্রে ঢাকা কলেজের বিজ্ঞান শাখার ছাত্রদের পরীক্ষাদানের একটি দৃশ্য —ইত্তেফাক

# এইচ, এস, সি, পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

সমগ্র দেশে ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচ, এস, সি, পরীক্ষা গতকাল (বৃহস্পতিবার) শান্তিপূর্ণভাবে শুরু হইয়াছে। পরীক্ষার প্রথমদিনে গতকাল ঢাকা নগরীর ৪টি পরীক্ষা কেন্দ্র হইতে ৪ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হইয়াছে। ইহাদের মধ্যে ১ জন জগন্নাথ কলেজ কেন্দ্র হইতে, ১ জন সোহরাওয়ার্দী কলেজ কেন্দ্র হইতে, ১ জন ঢাকা কলেজ কেন্দ্র হইতে এবং ১জন

(৮ম পৃঃ -৩এর কঃ দ্রঃ)

## এইচ এস সি পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

বাংলা কলেজ কেন্দ্র হইতে বহিষ্কৃত হয়। নারায়ণগঞ্জের মুড়াপাড়া কলেজ কেন্দ্র হইতে ২জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

আমাদের ফরিদপুর সংবাদদাতা টেলিফোনে জানান, গতকাল ফরিদপুর রাজেন্দ্র কলেজ কেন্দ্র হইতে ২জন ও ভাঙা কলেজ কেন্দ্র হইতে ৮ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। কালিয়াকৈর সংবাদদাতা জানান, কালিয়াকৈর কেন্দ্র হইতে ২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

**চট্টগ্রামে—**

চট্টগ্রাম হইতে বাসস জানায়, গতকাল (বৃহস্পতিবার) এখানে শান্তিপূর্ণভাবে এইচ, এস-সি পরীক্ষার প্রথমদিন অতিবাহিত হয়। এই জেলার সকল পল্লী এলাকার কেন্দ্রেও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। উল্লেখ্য কুমিল্লা বোর্ডের অধীনে ১১২টি কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩৪ হাজার ৫শত ৫৩ জন পুরুষ ও ৮ হাজার ৭ শত ৮৪ জন মহিলা।